বাংলাদেশ পর্যটন করপোরেশন

প্রশাসন শাখা

মহান বিজয় দিবস-২০১৮ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি নির্ধারণের নিমিত্ত আয়োজিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি আখতারুজ জামান খান কবির

চেয়ারম্যান

সভার তারিখ ০৫ নভেম্বর, ২০১৮ খ্রি:

সভার সময় বেলা ১২:০০ মি.

স্থান সম্মেলন কক্ষ, প্রধান কার্যালয়

উপস্থিতি পরিশিষ্ট ''ক''

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সূচনা করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মহাব্যবস্থাপক, ডিএফও (বিকল্প কর্মকর্তা, মহাব্যবস্থাপক, প্রশাসন ও অর্থ) মহান বিজয় দিবস-২০১৮ উদযাপন উপলক্ষ্যে সরকারি কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক গৃহিত সম্ভাব্য কার্যক্রম সম্পর্কে সভায় আলোকপাত করেন। বিস্তারিত আলোচনান্তে মহান বিজয় দিবস-২০১৮ যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচির বিপরীতে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো :

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|
| ১. | মহান বিজয় দিবস-২০১৮ উদযাপন উপলক্ষ্যে জাতীয় স্মৃতিসৌধ, সাভার-এ মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রিপরিষদ সদস্যসহ উর্দ্ধতন কর্মকর্তা ও জাতীয় পর্যায়ের সরকারি ও বিরোধী দলীয় নেতৃবৃন্দ গমন করবেন। এ প্রেক্ষিতে জয় রেস্তোরাঁ, সাভার-এর সার্বিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্নের বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | মহাব্যবস্থাপক (বাণিজ্যিক)-এর নেতৃত্বে একটি কমিটি গঠন করতে হবে এবং বর্ণিত কর্মকান্ড তদারকির কাজ সম্পন্ন করার বিষয়টি বাণিজ্যিক বিভাগ নিশ্চিত করবে।<br>কমিটি নিম্নরুপ :<br>(১) বেগম ইশরাত জাহান, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক), বাপক, ঢাকা----আহবায়ক।<br>(২) জনাব মো: হাফিজুর রহমান, ব্যবস্থাপক, সংগ্রহ, ডিএফও, বাপক, ঢাকা----সদস্য।<br>(৩) বেগম শিপ্রা দে, উপব্যবস্থাপক, পরিকল্পনা, বাপক, ঢাকা---- সদস্য।<br>(৪) জনাব বি,এম ওমর ফারুক, উপব্যবস্থাপক, হোটেল অবকাশ---সদস্য।<br>(৫) জনাব রমেন্দ্র নাথ মন্ডল, উপব্যবস্থাপক (প্রশাসন), বাপক, ঢাকা-------সদস্য।<br>(৬) জনাব কিশোর কুমার নাথ, ইউনিট ব্যবস্থাপক, জয় রেস্তোরাঁ, বাপক, সাভার---সদস্যসচিব | পরিচালক (প্রশাসন ও অর্থ) ও মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) |
| ২. | প্রধান কার্যালয়সহ সকল বাণিজ্যিক ইউনিটে ১৬-১২-২০১৮ তারিখে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন প্রসঙ্গে। | মহান বিজয় দিবস-২০১৮ উদযাপন উপলক্ষ্যে সংস্থার প্রধান কার্যালয়সহ সকল বাণিজ্যিক ইউনিটে সঠিক আয়তন ও বর্ণের পতাকা উত্তোলনের বিষয়টি নিশ্চিত করতে হবে। প্রশাসন বিভাগ এ সংক্রান্ত অফিস আদেশ জারি করবে। | প্রশাসন বিভাগ। |

| | | | |
|---|---|---|---|
| ৩. | সংস্থার প্রধান কার্যালয়সহ গুরুত্বপূর্ণ বাণিজ্যিক ইউনিটের সম্মুখভাগে আলোকসজ্জা ও সকল বাণিজ্যিক ইউনিটের অঙ্গন পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং বাপক-এর বাণিজ্যিক ইউনিটসমূহ-কে স্থানীয় প্রশাসনের অনুষ্ঠানের সাথে সংগতি রেখে জাতীয় অন্যান্য কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় উদযাপন প্রসংগে। | প্রধান কার্যালয়, হোটেল অবকাশ, জয় রেস্তোরাঁ, হোটেল শৈবাল, হোটেল সৈকত, রাজশাহী, রংপুর, বগুড়া, কুয়াকাটা ইউনিটের সম্মুখভাগে আলোক সজ্জা করা হবে। এছাড়া সকল বাণিজ্যিক ইউনিট-কে স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানের সাথে সংগতি রেখে জাতীয় অন্যান্য কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে। | বাণিজ্যিক বিভাগ/প্রশাসন বিভাগ ও নির্বাহী কর্মকর্তা (সাধারণ সেবা) |
| ৪. | মহান বিজয় দিবস-২০১৮ উপলক্ষ্যে বঙ্গভবন ও গণভবনে আয়োজিত সংশ্লিষ্ট জাতীয় অনুষ্ঠানসমূহে লজিস্টিক সাপোর্ট প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | মহান বিজয় দিবস-২০১৮ উপলক্ষ্যে বঙ্গভবন ও গণভবনে আয়োজিত অনুষ্ঠানসমূহে চাহিদা অনুযায়ী লজিস্টিক সাপোর্ট প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। মহাব্যবস্থাপক (হোটেল অবকাশ), অধ্যক্ষ, এনএইচটিটিআই, এবং ব্যবস্থাপক (প্র) এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন। | মহাব্যবস্থাপক হোটেল অবকাশ/ অধ্যক্ষ, এনএইচটিটিআই/ ব্যবস্থাপক (প্র) |
| ৫. | মহান বিজয় দিবস-২০১৮ উপলক্ষ্যে ১৬-১২-২০১৮ তারিখে জাতীয় স্মৃতিসৌধে বাপক এর পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ এবং সাভার যাতায়াতের জন্য যানবাহন সরবরাহের বিষয়ে আলোচনা করা হয়। | মহান বিজয় দিবস-২০১৮ উপলক্ষ্যে ১৬-১২-২০১৮ তারিখে জাতীয় স্মৃতিসৌধে বাপক অফিসার্স এসোসিয়েশন, কর্মচারী ইউনিয়নসহ সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হবে। মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য পত্র জারি করবেন। নির্বাহী কর্মকর্তা (সাধারণ সেবা) কর্মকর্তা/কর্মচারীদের সাভারে যাতায়াতের জন্য পরিবহনের ব্যবস্থা করবেন। | মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)/ সাধারণ সেবা |
| ৬. | মহান বিজয় দিবস ২০১৮ উপলক্ষ্যে ১৫-১২-২০১৮ রাত ১১:৫৯ মিনিটে বাপক-এর সকল কর্মকর্তা/কর্মচারীর সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের 'প্রোফাইল ছবি' হিসেবে বাংলাদেশের জাতীয় পতাকা ব্যবহারের বিষয়ে আলোচনা করা হয়। | মহান বিজয় দিবস ২০১৮ উপলক্ষ্যে ১৫-১২-২০১৮ তারিখ রাত ১১:৫৯ মিনিটে বাপক-এর সকল কর্মকর্তা/কর্মচারীর সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের 'প্রোফাইল ছবি' হিসেবে বাংলাদেশের জাতীয় পতাকা/বিজয় দিবসের প্রতীক সম্বলিত ছবি ব্যবহার করতে হবে। | ব্যবস্থাপক (আইসিটি)/কর্মকর্তা/কর্মচারীগণ |
| ৭. | বিভিন্ন জাতীয় দিবস উদ্যাপনের লক্ষ্যে মহাখালীস্থ বাপক প্রধান কার্যালয়, হোটেল অবকাশ ও এনএইচটিটিআই ভবন আলোকসজ্জাকরণ প্রসংগে। | মহান বিজয় দিবস ২০১৮ উপলক্ষ্যে মহাখালীস্থ বাপক প্রধান কার্যালয়, হোটেল অবকাশ ও এনএইচটিটিআই ভবন আলোকসজ্জা করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) ও নির্বাহী কর্মকর্তা(সাধারন সেবা) |
| ৮. | মহান বিজয় দিবস ২০১৮ উপলক্ষ্যে নিকটস্থ মসজিদ/মন্দির ও অন্যান্য উপাসনালয়ে দোয়া মিলাদ/প্রার্থনার আয়োজন প্রসংগে। | প্রধান কার্যালয়, হোটেল অবকাশ অথবা এনএইচটিটিআই এর সুবিধাজনক স্থানে দোয়া মিলাদ/প্রার্থনার আয়োজন করতে হবে। | অধ্যক্ষ (এনএইচটিটিআই )/ |

২॥ সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আখতারুজ জামান খান কবির

চেয়ারম্যান

স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.২৩.০০১.১৮.৮১৭

তারিখ: ২৮ কার্তিক ১৪২৫

১২ নভেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক/অধ্যক্ষ---------------------------------------------------(সকল), বাপক, ঢাকা।

২) বিভাগীয় প্রধান---------------------------------------------------------(সকল), বাপক, ঢাকা।

৩) ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক----------------------------------------------------(সকল), বাপক।

৪) সভাপতি/সাধারণ সম্পাদক, বাপক, অফিসার্স এ্যাসোসিয়েশন, ঢাকা।

৫) ব্যবস্থাপক, আইসিটি, বাপক, ঢাকা।

৬) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

৭) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

৮) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা , পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

৯) কমিটির সদস্য-----------------------------------------------------(সকল), বাপক।

মোঃ মহসীন

মহাব্যবস্থাপক